

শেখ রাসেল দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : এ বি এম আমিন উল্লাহ নুরী
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ ও সময় : ০৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ, বেলা ২.০০ ঘটিকা
স্থান : সভাকক্ষ
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট ১৯৭৫ শাহাদত বরণ করা সকল শহিদে প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং তাদের রুহের মাগফিরাত কামনা করেন। তিনি জাতির পিতার কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেল এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর তিনি যুগ্মসচিব জনাব নাজনীন ওয়ারেস-কে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য আহবান জানান।

০২. সভায় তিনি জানান, গত ৩০-০৭-২০২৩ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর সভাপতিত্বে ১৮ অক্টোবর ২০২৩ তারিখে শেখ রাসেল দিবস, ২০২৩ আয়োজন উপলক্ষ্যে প্রত্নতত্ত্বমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এবং শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা, ২০২২ এর ছায়ািলিপি গত ২৬-০৯-২০২৩ তারিখে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি বরাবর প্রেরণ করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে অনুষ্ঠিত সভায় গৃহিত কর্মসূচির মধ্যে মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট কর্মসূচিসমূহের বিবরণ সভায় তুলে ধরা হয়। সভায় ২০২২ সালে বাস্তবায়িত কর্মসূচিসমূহ পর্যালোচনা করা হয় এবং উক্ত কর্মসূচির আলোকে নতুন কর্মসূচি গ্রহণের বিষয়ে আলোচনা হয়।

০৩. বিস্তারিত আলোচনার পর ১৮ অক্টোবর ২০২৩ তারিখে শেখ রাসেল দিবস, ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্রম	বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বনানী কবরস্থানে পুষ্পস্তবক অর্পণ	আগামী ১৮ অক্টোবর ২০২৩ তারিখে শেখ রাসেল দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে সভাপতির নেতৃত্বে এ বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব কর্মকর্তাগণ এবং সংস্থা প্রধানগণসহ সকাল ৭.০০ ঘটিকায় ঢাকাস্থ বনানী কবরস্থানে পুষ্পস্তবক অর্পণ করা হবে। সংশ্লিষ্ট সকলকে সকাল ৬.৪৫ ঘটিকার মধ্যে বনানী কবরস্থানের প্রধান ফটকে উপস্থিত থাকতে হবে। পুষ্পস্তবক ও ব্যানার সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক প্রস্তুত করা হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি
২.	শেখ রাসেলের প্রতিকৃতি স্থাপন	শেখ রাসেল দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও তাদের মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে শেখ রাসেলের প্রতিকৃতি স্থাপন করতে হবে। আগামী ১৮ অক্টোবর ২০২২ তারিখে পুষ্পস্তবক অর্পণ এর লক্ষ্যে শেখ রাসেলের প্রতিকৃতির সর্বনিম্ন আকার হবে দৈর্ঘ্য ০৪ ফুট X প্রস্থ ০৩ ফুট। সমানুপাতিক হারে উল্লিখিত আকারের চেয়ে বড় আকারের প্রতিকৃতি স্থাপন করা যাবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নির্ধারিত ডিজাইন, লোগো ও প্রতিপাদ্য ব্যবহার করে প্রতিকৃতি তৈরি করতে হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি
৩.	শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ	আগামী ১৮ অক্টোবর ২০২৩ তারিখে এ বিভাগে স্থাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে সকাল ৯.০০ ঘটিকায় পুষ্পস্তবক অর্পণ করা হবে। আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধানগণ ও তাদের মাঠ পর্যায়ের কার্যালয়ের প্রধানগণ স্ব স্ব অফিসে স্থাপিত প্রতিকৃতিতে কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে সকাল ৯.০০ ঘটিকায় পুষ্পস্তবক অর্পণ করবেন। ব্যানার এবং পুষ্পস্তবক স্ব স্ব অফিস প্রস্তুত করবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নির্ধারিত ডিজাইন, লোগো ও প্রতিপাদ্য ব্যবহার করে ব্যানার প্রস্তুত করতে হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ
৪.	ব্যানার স্থাপন ও সাজসজ্জা/আলোকসজ্জা	শেখ রাসেল দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও তাদের মাঠ পর্যায়ের সকল অফিস ভবনে নির্ধারিত লোগো ও প্রতিপাদ্য সমন্বিত প্রয়োজনীয় সংখ্যক ড্রপডাউন ব্যানার ও স্ট্যান্ড ব্যানার লাগাতে হবে। জেলা প্রশাসক, পটুয়াখালীর সাথে পরামর্শ করে সড়ক ও জনপথ অধিদপ্তরের পটুয়াখালীস্থ শেখ রাসেল সেতু দিনের বেলায় সাজসজ্জাসহ রাতে আলোকসজ্জা করতে হবে এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক্সপ্রেসওয়েসহ বিভিন্ন ফ্লাইওভার, ফুটওভার ব্রীজ, টোল প্লাজা ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে সামগ্র্যসাপূর্ণ সাইজের ব্যানার স্থাপন করতে হবে। এছাড়া মেট্রোরেল স্টেশনসমূহে ড্রপ ডাউন ব্যানার ও স্ট্যান্ড ব্যানার স্থাপন করতে হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ

RR

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ক্রম	বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
৫.	চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন	<p>শেখ রাসেল দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে নির্ধারিত প্রতিপাদ্যের আলোকে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির সন্তানদের জন্য স্ব স্ব অফিসে বয়সভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করতে হবে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের সর্বোচ্চ বয়সসীমা ১২ বছর পর্যন্ত। চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন এবং ফলাফল চূড়ান্তকরণের লক্ষ্যে দপ্তর/সংস্থা কর্তৃক পৃথক কমিটি গঠন করবে। ১৮ অক্টোবরের পূর্বে সরকারি বন্ধের দিন চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিতদের অর্থাৎ ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের ১৮ অক্টোবর আলোচনা সভার পর পুরস্কার প্রদান করা হবে। উল্লেখ্য, প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের স্ব স্ব সংস্থা কর্তৃক (১ম, ২য় ও ৩য় ব্যতীত) প্রতিযোগিতায় অংশগ্রহণের দিন সৌজন্য পুরস্কার দিতে হবে। ১৮ অক্টোবরের পূর্বে সরকারি বন্ধের দিন এ বিভাগের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন, ফলাফল চূড়ান্তকরণ এবং সকল প্রতিযোগীকে পুরস্কার প্রদানের বিষয়ে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:</p> <ol style="list-style-type: none"> ১. জনাব মোঃ সাইফুল ইসলাম, অতিরিক্ত সচিব (আইন) - আহবায়ক ২. জনাব মোস্তাইন বিল্লাহ, যুগ্মসচিব (জিওবি) - সদস্য ৩. জনাব মুহাম্মদ কামরুল হাসান, উপসচিব (অডিট) - সদস্য ৪. জনাব এ. এম. এম. রিজওয়ানুল হক, উপসচিব (জিওবি পশ্চিমাঞ্চল) - সদস্য ৫. জনাব নীলিমা আফরোজ, উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) - সদস্য ৬. জনাব মোহাম্মদ শের মাহবুব মুরাদ, উপসচিব (সওজ সংস্থাপন-১) - সদস্য ৭. জনাব শাহিনা শবনম, সিনিয়র সহকারী সচিব (এমআরটি) - সদস্য-সচিব 	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি
৬.	কেক কাটা, আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন	<p>শেখ রাসেল দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণের সমন্বয়ে ১৮ অক্টোবর ২০২৩ তারিখ বুধবার বিকাল ৩.০০ ঘটিকায় বিআরটিসি কেন্দ্রীয় মেরামত কারখানা, তেজগাঁও, ঢাকায় কেন্দ্রীয়ভাবে মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে আলোচনা সভার আয়োজন করা হবে। আলোচনা সভায় স্নানামধ্য ০১ জন আলোচক টিক করতে হবে। আলোচনা সভায় সকলের উপস্থিতির জন্য দাওয়াত কার্ড প্রস্তুত এবং দাওয়াত কার্ডে শেখ রাসেল দিবস উপলক্ষ্যে গৃহিত কর্মসূচিসমূহ উল্লেখ করতে হবে। বিআরটিসি আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। আলোচনা সভার পূর্বে উপস্থিত শিশুদের নিয়ে প্রয়োজনীয় কেক সরবরাহসহ কেক কাটার ব্যবস্থা করতে হবে। কেক কাটা, আলোচনা সভা ও দোয়া মাহফিল সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটি দায়িত্ব পালন করবে। কেন্দ্রীয়ভাবে আয়োজিত কেক কাটা, আলোচনা সভা ও দোয়া মাহফিল শেষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্য হতে বিজয়ীদের পুরস্কার হিসেবে ক্রেস্ট, সনদ ও টোকেন মানি (প্রাইজবন্ড) প্রদান করা হবে। বিআরটিসি-স্টেজ সজ্জা, ব্যানার, প্যান্ডেল তৈরি, সওজ অধিদপ্তর-দাওয়াত কার্ড, ক্রেস্ট, সনদ, টোকেন মানি (প্রাইজবন্ড) সরবরাহ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিআরটিএ ও ডিটিসিএ-উপস্থিত সকলের জন্য যৌথভাবে আপ্যায়নের ব্যবস্থা করবে। বিআরটিসি কেন্দ্রীয় মেরামত কারখানায় কেক কাটা, আলোচনা সভা ও দোয়া মাহফিল সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:</p> <ol style="list-style-type: none"> ১. জনাব এ. কে. এম শামীম আক্তার, অতিরিক্ত সচিব (উন্নয়ন) - আহবায়ক ২. জনাব মোঃ রেজাউল করিম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ম্যানেজ: সার্ভি: উইং) - সদস্য ৩. জনাব মোঃ আব্দুল মোজ্জাদেদ, যুগ্মসচিব (বাজেট) - সদস্য ৪. জনাব মোঃ সামীমুজ্জামান, যুগ্মসচিব (সওজ জিওবি) - সদস্য ৫. জনাব মেরীনা নাজনীন, যুগ্মসচিব (বেদেশিক সহায়তাপুষ্টি প্রকল্প ও রক্ষণাবেক্ষণ) - সদস্য ৬. জনাব নাজনীন ওয়ারেস, যুগ্মসচিব (প্রশাসন) - সদস্য ৭. জনাব মোঃ আফতাবুজ্জামান, পরিচালক (অর্থ ও হিসাব), ডিএমটিডিসিএল - সদস্য ৮. জনাব নীলিমা আফরোজ, উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) - সদস্য ৯. জনাব এস. এম. কামরুজ্জামান, পরিচালক (প্রশাসন), বিআরটিসি - সদস্য ১০. জনাব মোঃ জাহাঙ্গীর আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন ও সংস্থাপন), সওজ - সদস্য ১১. জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট (উপসচিব), ডিটিসিএ - সদস্য ১২. জনাব মোহাম্মদ আব্দুর রজ্জাক, উপপরিচালক (প্রশাসন), বিআরটিএ - সদস্য ১৩. জনাব মোঃ মহিউদ্দিন, মহাব্যবস্থাপক, ঢাকা বিআরটি - সদস্য ১৪. জনাব মোঃ লিয়াকত আলী, সিনিয়র সহকারী সচিব (বিআরটিসি) - সদস্য ১৫. জনাব ফারজানা জেসমিন, উপসচিব (রক্ষণাবেক্ষণ) - সদস্য-সচিব 	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি

ক্রম	বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
৭.	এতিম/পথশিশুদের মেট্রোরেল ভ্রমণ	শেখ রাসেল দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ১৮ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থার এতিম/পথশিশুদের নিয়ে মেট্রোরেল ভ্রমণ এবং উত্তরা উত্তর স্টেশনে কেক কাটা ও সংক্ষিপ্ত আলোচনা সভা আয়োজন করতে হবে। মেট্রোরেল ভ্রমণ শেষে বিআরটিসি'র ছাদ খোলা বাসযোগে আগারগাঁও হতে জাতীয় সংসদ ভবন, ধানমন্ডি-৩২ নম্বর সড়কে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘর, সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা চত্বর এবং জাতীয় শহীদ মিনার ভ্রমণের ব্যবস্থা করতে হবে। বিআরটিসি কর্তৃক ছাদ খোলা বাসটি দৃষ্টিনন্দনভাবে সজ্জিত (ড্রেসিং) করতে হবে। এ অনুষ্ঠানে ১০০টি টি-শার্ট, ১০০টি ক্যাপ, ১০০টি প্ল্যাকার্ড, কেক, স্ন্যাকস ও দুপুরের খাবার ডিএমটিসিএল সরবরাহ করবে। শিশুদের মেট্রোরেল ভ্রমণের টিকেটের মূল্য ঢাকা বিআরটি পরিশোধ করবে। উক্ত অনুষ্ঠান সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো: ১. জনাব মোঃ শফি উল হক, অতিরিক্ত সচিব (এস্টেট) - আহবায়ক ২. জনাব মোহাম্মদ আবদুর রউফ, কোম্পানি সচিব, ডিএমটিসিএল - সদস্য ৩. জনাব মোঃ আজিজুল ইসলাম, পরিচালক (প্রশাসন), বিআরটিএ - সদস্য ৪. সৈয়দা ফারহানা কাউনাইন, যুগ্মসচিব (পরিচালনা ও কার্যক্রম) - সদস্য ৫. জনাব মোস্তাইন বিল্লাহ, যুগ্মসচিব (জিওবি) - সদস্য ৬. জনাব মেরীনা নাজনীন, যুগ্মসচিব (বেদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প ও রক্ষণাবেক্ষণ) - সদস্য ৭. জনাব মো. আবু নাহের, উপসচিব (কোনেস্টিটিউট) - সদস্য ৮. জনাব মোঃ জহিরুল ইসলাম, উপসচিব (সড়ক নিরাপত্তা) - সদস্য ৯. জনাব মোঃ আলমগীর কবির, উপসচিব (সম্পত্তি) - সদস্য ১০. জনাব নীলিমা আফরোজ, উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) - সদস্য ১১. জনাব মোঃ জিকরুল হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), সওজ - সদস্য ১২. জনাব মোঃ আমজাদ হোসেন, জেনারেল ম্যানেজার (হিসাব), বিআরটিসি- সদস্য ১৩. জনাব নাজমুন নাহার হামিদ, ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (উপসচিব), ডিটিসিএ - সদস্য ১৪. জনাব মোঃ সাইফুল ইসলাম, কোম্পানি সচিব, ঢাকা বিআরটি - সদস্য ১৫. জনাব টিনা পাল, সিনিয়র সহকারী সচিব (জিওবি পূর্বাঞ্চল) - সদস্য-সচিব	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি
৮.	স্কুল ও এতিমখানায় কেক কাটার আয়োজন	শেখ রাসেল দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে এতিমখানা এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের সড়ক গবেষণাগার এলাকায় অবস্থিত শহীদ স্মৃতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিয়ে কেক কাটা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। ঢাকা বিআরটি কোম্পানি এতিমখানায় এবং সড়ক ও জনপথ অধিদপ্তর স্কুলে কেক কাটার আয়োজন করবে।	সওজ অধিদপ্তর ও ঢাকা বিআরটি
৯.	বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে কর্মসূচি পালন	এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার বিভাগ/জেলা পর্যায়ের অফিসসমূহ জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত শেখ রাসেল দিবস, ২০২৩ উপলক্ষ্যে কর্মসূচিতে অংশগ্রহণ করতে হবে। প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচি/অনুষ্ঠানে সংস্থার স্থানীয় কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে উপস্থিত থাকার বিষয়টি সংস্থা প্রধানগণ নিশ্চিত করবেন। বিভাগ/জেলা পর্যায়ের অফিসসমূহে কর্মসূচি পালন এবং উপস্থিতির বিষয়ে সংস্থা প্রধানগণ পত্রের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা দিবেন।	এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার মাঠ পর্যায়ের অফিসসমূহ

০৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
০৩.১০.২০২৩
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০৩.২১-১১৩৫

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০
০৩ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
০২. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা
০৩. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
০৪. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
০৬. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ডিটিসিএ ভবন, তেজগাঁও, ঢাকা

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০৭. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা
০৮. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), ইন্সটান গার্ডেন, ঢাকা
০৯. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিঃ, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা
১০. মাননীয় মন্ত্রী একান্ত সচিব (যুগ্মসচিব), সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১১. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ


মোঃ দেলোয়ার হোসেন
সহকারী সচিব

ফোন: ৯৫১৩৩৩৪

ই-মেইল: sasadmin@rthd.gov.bd

স্মারক নং- ৩৫,০১,০০০০.১৫০.২৬, ০৫০.০৭. (৫৮২/৮৮)-২২৪৬ তারিখ: ০৯/১০/২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, প্রশাসন শাখা এর পত্র নং- ৩৫.০০.০০০০.০০৮.২৩.০০৩.২১-১১৩৫ তারিখ ০৩ অক্টোবর ২০২৩ মাধ্যমে প্রাপ্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাপতিত্বে গত ০৩ অক্টোবর ২০২৩ তারিখ বেলা ২:০০ ঘটিকায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষে শেখ রাসেল দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক (সংশ্লিষ্ট অংশ অনুযায়ী) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং/টেকনিক্যাল সার্ভিসেস উইং/যান্ত্রিক জোন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।
- ২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II: এলেক্সা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/আশুগঞ্জ-নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়কে চার লেনে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ, ঢাকা/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা/মাতারবাড়ী বন্দর উন্নয়ন শীর্ষক প্রকল্প (সওজ অংশ)/টেকনিক্যাল এসিস্ট্যান্স ফর রোড ট্রান্সপোর্ট কানেক্টিভিটি ইম্প্রুভমেন্ট প্রজেক্ট প্রি-পারেটরী ফ্যাসিলিটি (RTCIPPF) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প, ঢাকা/সিলেট-তামাবিল মহাসড়ক পৃথক এসএমভিটি লেনসহ ৪-লেনে উন্নীতকরণ, ঢাকা/ঝিনাইদহ-যশোর মহাসড়ক (এন-৭) উন্নয়ন প্রকল্প/সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন প্রকল্প, ঢাকা/সাপোর্ট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর (ঢাকা বাইপাস) পিপিপি প্রকল্প, ঢাকা/কুমিল্লা (ময়নামতি)-ব্রাহ্মণবাড়ীয়া (ধরখার) জাতীয় মহাসড়কে (এন-১০২) চার লেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ শীর্ষক প্রকল্প/সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রজেক্ট, ঢাকা/বাংলাদেশ সড়ক নিরাপত্তা প্রকল্প, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক (অঃপ্রঃ, সওজ), পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (ভিত্তিতে), হাতিরঝিল-রামপুরা সেতু-বনশ্রী-শেখের জায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প/সাইনবোর্ড-মোড়লগঞ্জ-রায়েন্দা-শরণখোলা-বগী সড়কের (আর-৭৭৩) ১৭তম কিলোমিটারে পানগুচি নদীর উপর পানগুচি সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/বরিশাল (দিনেরারপুল)-লক্ষ্মীপাশা-দুমকি সড়ক (জেড-৮০৪৪) এর ২৭তম কিলোমিটারে পান্ডব পায়রা নদীর উপর নলুয়া-বাহেরচর সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/ময়মনসিংহ কেওয়াটখালী সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গল্পামারী-বাটিয়াঘাটা-দাকোপ-নলিয়ান ফরেস্ট সড়ক (জেড-৭৬০৬) এর ২৮তম কিলোমিটারে চুনকুড়ি নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিরিক্ত প্রকল্প পরিচালক, সওজ,
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট (সওজ), ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৬। নির্বাহী প্রকৌশলী/উপ-প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক, সওজ,

(মোঃ জাহাংগীর আলম)

পরিচিতি নং-৬০১৯১৫